# অধ্যায় ৪
# নাগরিক অধিকার

## ❑ অধ্যায়টি পড়ে জানতে পারব

- নাগরিকের সংজ্ঞা
- নাগরিক অধিকারের ধারণা
- নাগরিকের সামাজিক অধিকার সম্পর্কে
- নাগরিকের রাজনৈতিক অধিকারের পরিচয়
- নাগরিকের অর্থনৈতিক অধিকারের পরিচয়
- রাষ্ট্রের নাগরিক হিসেবে নাগরিক অধিকারের গুরুত্ব
- সকলের অধিকারকে শ্রদ্ধা করার গুরুত্ব

## ❑ অধ্যায়টির মূলভাব জেনে নিই

সাধারণভাবে রাষ্ট্রের সদস্যদের নাগরিক বলে। রাষ্ট্রের সদস্য হিসেবে প্রতিটি নাগরিক রাষ্ট্র প্রদত্ত যে সকল সুযোগ সুবিধা ভোগ করে সেগুলো হলো নাগরিক অধিকার। বাংলাদেশের নাগরিক হিসেবে আমরা রাষ্ট্রের কাছ থেকে সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক অধিকার ভোগ করে থাকি। নাগরিক অধিকার ব্যক্তিজীবনকে সুন্দরভাবে গড়ে তুলতে সহায়তা করে। আমরা নিজেরা সকল নাগরিক অধিকার ভোগ করব। অন্যের অধিকার যাতে নষ্ট না হয় সে ব্যাপারেও আমাদের সচেতন থাকতে হবে।

## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ❑ অল্প কথায় উত্তর দাও :

**১. 'নাগরিক' বলতে কী বোঝায়?**

**উত্তর:** রাষ্ট্রের স্থায়ী বাসিন্দা যারা রাষ্ট্র প্রদত্ত বিভিন্ন অধিকার ভোগ করে এবং রাষ্ট্রের প্রতি কর্তব্য পালন করে তাদেরকে নাগরিক বলা হয়।

**২. 'ভাষার অধিকার' বলতে কী বোঝায়?**

**উত্তর :** নিজের মাতৃভাষায় কথা বলা এবং সংস্কৃতিচর্চার অধিকারকে ভাষার অধিকার বলা হয়।

**৩. একটি রাজনৈতিক অধিকারের নাম লেখ।**

**উত্তর :** একটি রাজনৈতিক অধিকার হলো নির্বাচনে ভোট প্রদান।

**৪. 'অর্থনৈতিক অধিকার' কী?**

**উত্তর :** যে অধিকার ভোগের মাধ্যমে নাগরিক স্বাধীনভাবে আয় রোজগার করতে পারে তাকে অর্থনৈতিক অধিকার বলে।

### ❑ প্রশ্নগুলোর উত্তর দাও :

**১. মত প্রকাশের স্বাধীনতার অধিকারের একটি উদাহরণ দাও।**

**উত্তর :** মত প্রকাশের স্বাধীনতার একটি উদাহরণ হলো নারী নির্যাতন বন্ধে প্রেসক্লাবে তাহমিনার বক্তৃতা প্রদান।

**২. ন্যায্য পারিশ্রমিক না পেলে মানুষ কী করতে পারেন?**

**উত্তর :** ন্যায্য পারিশ্রমিক না পেলে মানুষ আইনের আশ্রয় নিতে পারেন।

## অতিরিক্ত প্রশ্ন ও উত্তর

### ❑ বাম অংশের সাথে ডান অংশ মিলকরণ

| | |
|---|---|
| ক. সুষ্ঠুভাবে জীবিকা নির্বাহের জন্য | সামাজিক অধিকার। |
| | অর্থনৈতিক অধিকার। |
| খ. ধর্ম পালনের অধিকার | রাজনৈতিক অধিকার। |

| | |
|---|---|
| গ. ভোট দেওয়ার অধিকার | এমন কাজ আমরা করব না। |
| ঘ. ন্যায্য মজুরি লাভের অধিকার | অর্থনৈতিক অধিকার |
| ঙ. অন্যের অধিকার নষ্ট হয় | প্রয়োজন। |

**উত্তর :**

ক. সুষ্ঠুভাবে জীবিকা নির্বাহের জন্য **অর্থনৈতিক অধিকার প্রয়োজন।**

খ. ধর্ম পালনের অধিকার **সামাজিক অধিকার।**

গ. ভোট দেওয়ার অধিকার **রাজনৈতিক অধিকার।**

ঘ. ন্যায্য মজুরি লাভের অধিকার **অর্থনৈতিক অধিকার।**

ঙ. অন্যের অধিকার নষ্ট হয় **এমন কাজ আমরা করব না।**

❑ **শুদ্ধ/ অশুদ্ধ নির্ণয়**

ক) নাগরিক অধিকার পূরণে আমরা অন্যকে সাহায্য করব।

খ) সামাজিক অধিকার নাগরিককে স্বাধীনভাবে কথা বলার সুযোগ দেয়।

গ) নাগরিক হিসেবে আমাদের কোনো অর্থনৈতিক অধিকার নেই।

ঘ) রাষ্ট্রে নাগরিকের স্বাধীনভাবে কোনো কিছু করার অধিকার নেই।

ঙ) আইন অনুযায়ী দেশের সকল নাগরিক সমান।

**উত্তর : ক)** 'শুদ্ধ' **খ)** 'শুদ্ধ' **গ)** 'অশুদ্ধ' **ঘ)** 'অশুদ্ধ' **ঙ)** 'শুদ্ধ'।

❑ **শূন্যস্থান পূরণ**

ক. রাষ্ট্রের কাছে আমাদের সামাজিক, —— ও অর্থনৈতিক অধিকার আছে।

খ. নিজের ভাষায় কথা বলার অধিকার একটি —— সামাজিক অধিকার।

গ. রাষ্ট্র পরিচালনায় —— করার অধিকারকে রাজনৈতিক অধিকার বলে।

ঘ. রাষ্ট্রের দায়িত্ব নাগরিক —— পূরণ করা।

ঙ. রাষ্ট্রের প্রত্যেক নাগরিকের সম্পত্তি —— ও —— অধিকার আছে।

**উত্তর : ক.** রাজনৈতিক **খ.** মৌলিক **গ.** অংশগ্রহণ **ঘ.** অধিকার **ঙ.** অর্জন, ভোগের

## বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

### সামাজিক অধিকার

➲ সাধারণ

**১ সাধারণ অর্থে নাগরিক বলতে কাদের বোঝায়?** খ

ক নারী খ রাষ্ট্রের সদস্য
গ শিশু ঘ পুরুষ সদস্য

**২ নিচের কোনটি সামাজিক অধিকার?** ক

ক বেঁচে থাকা খ আয় করা
গ অবকাশ ছুটি পাওয়া ঘ নির্বাচিত হওয়া

**৩. রাষ্ট্রের কাছ থেকে নাগরিকের বিভিন্ন সুযোগ–সুবিধা ভোগ করাকে কী বলে?** খ

ক নাগরিক চাহিদা খ নাগরিক অধিকার
গ নাগরিক কর্তব্য ঘ নাগরিক সম্মাননা

**৪. বাংলাদেশের নাগরিক হিসেবে আমরা সাধারণত কয় ধরনের অধিকার ভোগ করি?** খ

ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

**৫. ভাষা ও সংস্কৃতির অধিকার মানুষের কোন ধরনের অধিকার?** ঘ

ক অর্থনৈতিক অধিকার খ রাজনৈতিক অধিকার
গ সাংস্কৃতিক অধিকার ঘ সামাজিক অধিকার

➲ যোগ্যতাভিত্তিক

**শিখনফল :** নাগরিক অধিকারের গুরবত্ব বুঝতে পারব।

**৬. নাগরিক অধিকার গুরুত্বপূর্ণ কেন?** খ

ক বেশি আয় রোজগারের জন্য
খ উন্নত ও মানসম্মত জীবনের জন্য
গ সুনামের জন্য
ঘ রোগমুক্ত থাকার জন্য

**শিখনফল :** ভাষা ব্যবহারের স্বাধীনতা সম্পর্কে জানতে পারব।

**৭. বরুণ চাকমা তাদের নিজস্ব ভাষায় কথা বলে। এটা তার কোন ধরনের অধিকার?** খ

ক অতিরিক্ত অধিকার খ সামাজিক অধিকার
গ রাজনৈতিক অধিকার ঘ অর্থনৈতিক অধিকার

**শিখনফল :** সামাজিক অধিকার সম্পর্কে জানতে পারব।

**৮. মামলার রায়ের ক্ষেত্রে বিচারকগণ ধনী-গরিব ভেদাভেদ করেন না। কেননা–** ক

ক আইন সবার জন্য সমান
খ এতে রাজনৈতিক অধিকার ক্ষুণ্ন হয়
গ আইন সবার জন্য সমান নয়
ঘ বিচারকগণ অনভিজ্ঞ

**শিখনফল :** শিৰার গুরবত্ব বুঝতে পারব।

**৯. প্রতিটি নাগরিকের শিক্ষা গ্রহণ করা প্রয়োজন কেন?** গ

ক চাকরির জন্য খ সম্মানের জন্য
গ রাষ্ট্রের উন্নয়নের জন্য ঘ দৰতা বৃদ্ধির জন্য

## রাজনৈতিক অধিকার

➲ সাধারণ

**১০. নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করা কোন ধরনের অধিকার?** গ

ক সামাজিক খ অর্থনৈতিক
গ রাজনৈতিক ঘ সাংস্কৃতিক

**১১. রাষ্ট্র পরিচালনায় অংশগ্রহণ নাগরিকের কোন ধরনের অধিকার?** খ

ক সামাজিক খ রাজনৈতিক
গ অর্থনৈতিক ঘ সাংস্কৃতিক

**১২. নাগরিককে তার কাজ করতে গিয়ে কোন বিষয়টি খেয়াল রাখতে হয়?** ক

ক অন্যের যেন ৰতি না হয়
খ অন্যের যেন লাভ হয়
গ নিজের কাজের যেন সফলতা আসে
ঘ অন্যের যেন ৰতি হয়

**১৩. বাংলাদেশের নাগরিকেরা কত বছর বয়সে ভোট দিতে পারবে?** খ

ক ১৬ বছর খ ১৮ বছর
গ ২০ বছর ঘ ২২ বছর

**১৪. বাংলাদেশের নাগরিক কত বছর বয়সে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারে?** ক

ক ২৫ খ ২৮
গ ৩০ ঘ ৩৫

➲ যোগ্যতাভিত্তিক

**শিখনফল :** রাজনৈতিক অধিকার সম্পর্কে জানতে পারব।

**১৫. করিম মাঝি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে। এটা তার কোন ধরনের অধিকার?** খ

ক সামাজিক খ রাজনৈতিক
গ অর্থনৈতিক ঘ সাংস্কৃতিক

**শিখনফল :** রাজনৈতিক অধিকার প্রয়োগে সচেতন হব।

**১৬. সাইমার ১৮ বছর পূর্ণ হওয়ার সাথে যে বিশেষ রাজনৈতিক অধিকারটি জড়িত–** গ

ক নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা খ মত প্রকাশ করা
গ নির্বাচনে ভোট দেওয়া ঘ বিদেশে নিরাপত্তা লাভ করা

**শিখনফল :** আইনের সমতার বিষয়টি বুঝতে পারব।

**১৭. আসিফ ক্ষমতাবান হলেও বিচারক দরিদ্র সুজনের পক্ষে রায় ঘোষণা করে। এর কারণ–** খ

ক বিচারক দয়ালু
খ আইনের চোখে সবাই সমান
গ আসিফ বিচারককে উপহার দেয়নি
ঘ বিচারক অনভিজ্ঞ

**শিখনফল :** বিদেশে নিরাপত্তা লাভের উপায় জানব।

**১৮. রোকন পরিবার নিয়ে সৌদি আরবে গিয়ে বিপদের সম্মুখীন হলো। এক্ষেত্রে তাদের করণীয়–** খ

ক নিজেরাই সমস্যার সমাধান করা
খ দেশের সরকারের কাছে সাহায্য চাওয়া
গ সৌদি সরকারের কাছে সাহায্য চাওয়া
ঘ পুলিশের সাহায্য নেওয়া

## অর্থনৈতিক অধিকার

➲ সাধারণ

**১৯. নিচের কোনটি অর্থনৈতিক অধিকার?** ঘ

ক নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করা খ নিরাপত্তা লাভ
গ জমি ক্রয় ঘ অবকাশ ছুটি লাভ

**২০. আয় রোজগার করা কোন ধরনের অধিকার?** গ

ⓚ সামাজিক ⓚ রাজনৈতিক

ⓖ অর্থনৈতিক ⓖ পারিবারিক

২১. **অর্থনৈতিক অধিকার অনুসারে নারী ও পুরুষের কাজের ক্ষেত্রে–** ঘ

ⓚ পুরবষ বেশি পারিশ্রমিক পাবে

ⓚ নারী বেশি পারিশ্রমিক পাবে

ⓖ নারী-পুরবষ কেউই পারিশ্রমিক পাবে না

ⓖ নারী-পুরবষ উভয়ই সমান পারিশ্রমিক পাবে

➲ **যোগ্যতাভিত্তিক**

**শিখনফল :** অর্থনৈতিক অধিকারের গুরবত্ব বুঝতে পারব।

২২. **অর্থনৈতিক অধিকার কেন প্রয়োজন?** খ

ⓚ বেশি রোজগারের জন্য

ⓚ সুষ্ঠুভাবে জীবিকা নির্বাহের জন্য

ⓖ ৰমতা অর্জনের জন্য

ⓖ সম্মানের অর্জনের জন্য

**শিখনফল :** মজুরি বৈষম্য বুঝতে পারব।

২৩. **রহমত ও আয়েশা দুজনে পোশাক কারখানায় কাজ করে। রহমতকে প্রতিদিন ৪০০ টাকা দেওয়া হলেও আয়েশাকে দেওয়া হয় ৩৫০ টাকা। এক্ষেত্রে লঙ্ঘন করা হয়েছে–** ক

ⓚ অর্থনৈতিক অধিকার ⓚ রাজনৈতিক অধিকার

ⓖ চাকরির অধিকার ⓖ সামাজিক অধিকার

**শিখনফল :** অর্থনৈতিক অধিকারের প্রয়োগ বুঝতে পারব।

২৪. **বিদেশ থেকে ছেলের পাঠানো টাকা দিয়ে রমিজ মিয়া অনেক জমি কিনছেন। অর্থনৈতিক অধিকার অনুযায়ী এ সম্পত্তি–** গ

ⓚ বিলিয়ে দিতে হবে

ⓚ সরকার নিয়ে নিবেন

ⓖ তারা ভোগ করতে পারবেন

ⓖ পতিত রাখতে হবে

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

১. **নাগরিক অধিকার প্রয়োজন কেন?**

**উত্তর :** সুস্থ, সুন্দর ও উন্নত জীবনযাপনের জন্য নাগরিক অধিকার প্রয়োজন।

২. **নাগরিক রাষ্ট্রের কাছ থেকে সাধারণত কয় ধরনের অধিকার ভোগ করে?**

**উত্তর :** নাগরিক রাষ্ট্রের কাছ থেকে সাধারণত তিন ধরনের অধিকার ভোগ করে। যথা– ১. সামাজিক অধিকার, ২. রাজনৈতিক অধিকার ও ৩. অর্থনৈতিক অধিকার।

৩. **সামাজিক অধিকার কাকে বলে?**

**উত্তর :** সমাজে সুস্থ ও সুন্দর জীবনযাপনের জন্য যেসব অধিকার অপরিহার্য সেসব অধিকারকে সামাজিক অধিকার বলে। যেমন– বেঁচে থাকা, শিক্ষা লাভ প্রভৃতি অধিকার।

৪. **বেঁচে থাকার জন্য রাষ্ট্র নাগরিকের কী কী অধিকার পূরণ করে?**

**উত্তর :** বেঁচে থাকার জন্য রাষ্ট্র নাগরিকের খাদ্য, বস্ত্র, বাসস্থান, চিকিৎসাসহ জীবনের নিরাপত্তার অধিকার পূরণ করে।

৫. **রাজনৈতিক অধিকার কাকে বলে?**

**উত্তর :** রাষ্ট্র পরিচালনায় ও শাসনকার্যে নাগরিকদের অংশগ্রহণ করার অধিকারকে রাজনৈতিক অধিকার বলে। যেমন– নির্বাচনের অধিকার, বসবাসের অধিকার ইত্যাদি।

৬. **অর্থনৈতিক অধিকার কাকে বলে?**

**উত্তর :** জীবনধারণের জন্য কোনো কাজ করে রোজগার করার অধিকারকে অর্থনৈতিক অধিকার বলে। যেমন– ন্যায্য মজুরি লাভ, অবকাশ ছুটি লাভ ইত্যাদি।

৭. **নাগরিক কারা?**

**উত্তর :** সাধারণভাবে রাষ্ট্রের সদস্যরাই নাগরিক।

৮. **নাগরিক অধিকার কাকে বলে?**

**উত্তর :** সুস্থ, সুন্দর ও উন্নত জীবনযাপনের জন্য প্রত্যেক নাগরিকের নিজ নিজ রাষ্ট্রের কাছ থেকে বিভিন্ন সুযোগ-সুবিধা লাভ করাকে নাগরিক অধিকার বলে।

## কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

➲ **সাধারণ**

১. **বাংলাদেশের নাগরিকেরা কয় ধরনের অধিকার ভোগ করে? সেগুলো কী কী? সামাজিক অধিকারের সংজ্ঞা দাও।**

**উত্তর :** বাংলাদেশের নাগরিক হিসেবে আমরা সাধারণত রাষ্ট্রের কাছ থেকে তিন ধরনের অধিকার ভোগ করি। যেমন– (১) সামাজিক অধিকার, (২) রাজনৈতিক অধিকার ও (৩) অর্থনৈতিক অধিকার।

সমাজে সুস্থ ও সুন্দর জীবনযাপনের জন্য যেসব অধিকার অপরিহার্য সেসব অধিকারকে সামাজিক অধিকার বলে।

২. **অর্থনৈতিক অধিকারের সুফল ৫টি বাক্যে লেখ।**

**উত্তর :** অর্থনৈতিক অধিকার নাগরিককে সুষ্ঠুভাবে জীবিকা অর্জনের সুযোগ করে দেয়। অর্থনৈতিক অধিকার ভোগের ফলে নাগরিকেরা নিম্নোক্ত সুফল ভোগ করে :

১) কাজ বা চাকরি করে আয় রোজগার করার সুযোগ পায়।
২) কাজে ন্যায্য মজুরি লাভের অধিকার পায়।
৩) কর্মক্ষেত্রে অবকাশ ছুটি পাওয়ার অধিকার লাভ করে।
৪) সম্পত্তি অর্জনের অধিকার লাভ করে।
৫) সম্পত্তি ভোগের অধিকার লাভ করে।

৩. **আমাদের ৫ টি সামাজিক অধিকার সম্পর্কে লেখ।**

**উত্তর :** আমাদের সামাজিক অধিকারগুলো নিচে উল্লেখ করা হলো :

**বেঁচে থাকার অধিকার :** আমাদের বেঁচে থাকার জন্য প্রয়োজন খাদ্য, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা ইত্যাদিসহ জীবনের নিরাপত্তা।

**শিক্ষার অধিকার :** শিক্ষালাভের অধিকার নাগরিকের একটি প্রধান অধিকার। রাষ্ট্র তাই বিভিন্নভাবে নাগরিকদের জন্য শিক্ষার ব্যবস্থা করে থাকে।

**সম্পত্তির অধিকার :** রাষ্ট্রের প্রত্যেক নাগরিকের সম্পত্তি অর্জন ও ভোগ করার অধিকার আছে।

**চলাফেরার অধিকার :** প্রত্যেক নাগরিকের দেশের ভেতরে স্বাধীনভাবে চলাফেলার অধিকার আছে।

**মত প্রকাশের অধিকার :** দেশের সকল নাগরিকের যে কোনো ক্ষেত্রে স্বাধীনভাবে নিজস্ব মতামত প্রকাশের অধিকার আছে।

➲ <u>যোগ্যতাভিত্তিক</u>

৪. **রাজু রাষ্ট্রের কাছ থেকে বিভিন্ন ধরনের অধিকার ভোগ করে। সাধারণত রাজুর এই অধিকার ভোগের ধরন কয়টি হতে পারে? প্রথম ধরনের অধিকার ভোগের ৪টি দৃষ্টান্ত দাও।**

**উত্তর :** সাধারণত রাজু রাষ্ট্রের কাছ থেকে তিন ধরনের অধিকার ভোগ করে। রাষ্ট্রে নাগরিকের যে তিন ধরনের অধিকার রয়েছে সেগুলোর মধ্যে প্রথমটি হলো সামাজিক অধিকার। প্রথম ধরনের অর্থাৎ সামাজিক অধিকার ভোগের ৪টি দৃষ্টান্ত নিচে তুলে ধরা হলো :

১। **বেঁচে থাকার অধিকার :** জীবন রক্ষার অধিকার সকল অধিকারের মধ্যে অন্যতম। আমাদের বেঁচে থাকার জন্য প্রয়োজন খাদ্য, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা ইত্যাদিসহ জীবনের নিরাপত্তা। বেঁচে থাকার প্রয়োজনে রাষ্ট্রের কাছে নাগরিকদের এসব কিছুর অধিকার আছে।

২। **শিক্ষার অধিকার :** শিক্ষালাভের অধিকার নাগরিকের একটি প্রধান অধিকার। রাষ্ট্র তাই বিভিন্নভাবে নাগরিকদের জন্য শিক্ষার ব্যবস্থা করে থাকে।

৩। **সম্পত্তির অধিকার :** রাষ্ট্রের প্রত্যেক নাগরিকের সম্পত্তি অর্জন ও ভোগ করার অধিকার আছে।

৪। **চলাফেরার অধিকার :** প্রত্যেক নাগরিকের দেশের ভেতরে স্বাধীনভাবে চলাফেরার অধিকার আছে। এ কারণে আমরা কোনো রকম বাধা ছাড়া সহজেই এক স্থান থেকে অন্য স্থানে যেতে পারি।

৫. **নাগরিকের সামাজিক অধিকারগুলো গুরুত্বপূর্ণ কেন?**

**উত্তর :** যে সকল কারণে নাগরিকের জীবনে সামাজিক অধিকারগুলো গুরুত্বপূর্ণ সেগুলো নিচে উল্লেখ করা হলো :

- মৌলিক চাহিদা পূরণের জন্য;
- শিক্ষা লাভের জন্য;
- সম্পত্তির অধিকার ভোগের জন্য;
- স্বাধীনভাবে চলাফেরা করার জন্য;
- স্বাধীনভাবে নিজের মত প্রকাশের জন্য;
- স্বাধীনভাবে কাজ করার জন্য;
- স্বাধীনভাবে নিজ নিজ ধর্ম পালনের জন্য;
- নিজের মাতৃভাষা ও সংস্কৃতিচর্চার জন্য এবং
- আইনের সমান সুযোগ-সুবিধা ভোগের জন্য ইত্যাদি।

৬. **অন্যের অধিকার পূরণে আমাদের দায়িত্ব কী?**

**উত্তর :** অন্যের অধিকার পূরণে আমাদেরও কিছু দায়িত্ব আছে। আমরা যেন নিজের অধিকার ভোগ করতে গিয়ে অন্যের অধিকার নষ্ট না করি সে ব্যাপারে সচেতন থাকতে হবে। রাষ্ট্রের সবাই যেন তাদের প্রাপ্য অধিকারগুলো ভোগ করতে পারে সেদিকে খেয়াল রাখা প্রয়োজন। অন্যরা যেন তাদের অধিকারগুলো ভোগ করতে পারে সেজন্য তাদেরকে সহায়তা করতে পারি।

৭. **সবার অধিকারকে সম্মান করা উচিত কেন?**

**উত্তর :** সমাজের প্রতিটি মানুষ একে অন্যের উপর নির্ভরশীল। তাই নাগরিক হিসেবে সব ধরনের অধিকার আমাদের সবার জন্যই গুরুত্বপূর্ণ। একে অন্যের অধিকারের প্রতি খেয়াল রাখার মাধ্যমেই সবার অধিকার নিশ্চিত করা সম্ভব হবে। অন্যদিকে অন্যের অধিকারকে অসম্মান করলে সমাজে অশান্তি ও বিশৃঙ্খলা ঘটবে। অধিকার-বঞ্চিতরা মনে কষ্ট পাবে। তাই

সবার অধিকারের প্রতি আমাদের সম্মান দেখাতে হবে। সবার অধিকার পূরণে সচেতন হতে হবে। প্রয়োজনে সাহায্য করতে হবে। অন্যের অধিকার নষ্ট হয় এমন কোনো কাজ করা যাবে না।